



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)



**নিলাম দরপত্র বিজ্ঞপ্তি**

স্মারক নং-৫৭.১৭.০০০০.১০৩.৩৪.০৫৯.১৯/২৭০

তারিখ : ১৩-০৬-২০১৯

২০১৯-২০২০ অর্থ বছরে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের বিভিন্ন শাখায় একেজো পুরাতন কাগজ/ ব্যবহৃত উত্তরপত্র, কাগজের কাটা অংশ ও কভার/খাস্তা কর্তৃপক্ষের নির্দেশনাক্রমে প্রতি ৩ মাস পর পর বাতিলকৃত পুরাতন কাগজপত্রাদি অপসারণের নিমিত্ত একটি বাৎসরিক চাহিদার ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে ক্রয়কারি প্রকৃত ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফর্ম যথাযথভাবে পূরণ করে সীলমোহর ও গালাযুক্ত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে। উক্ত দ্রব্যাদির শ্রেণী বিন্যাসসহ সম্ভাব্য পরিমাণ (কম বেশি হতে পারে) উপস্থাপিত হলো:

ক্রমিক নং	মালামালের বিবরণ	পরিমাণ (আনুমানিক)	মন্তব্য
০১.	বিভিন্ন পরীক্ষার বাতিলকৃত উত্তরপত্র	১,৮০,০০০ কেজি	উদ্ধৃত মোট দরের উপর
০২.	প্রেস শাখার সাদা কাগজের কাটা অংশ/ অফকাট	২৫,০০০ কেজি	১০% জামানত (পে-অর্ডার)
০৩.	প্রেস শাখার রিম কাগজের কভার (খাস্তা)	৯,০০০ কেজি	১ বছরের জন্য জমা রাখতে হবে।
০৪.	বিভিন্ন পরীক্ষার বাতিলকৃত লিথোফরম	২০,০০০ কেজি	
০৫.	বিভিন্ন শাখায় জমাকৃত পুরাতন বাতিলকৃত শীট	৫০০ কেজি	

- নিলাম কোটেশন আবেদন ফর্ম আগামী ০১-০৭-২০১৯ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা নতুন ভবন (৪র্থ তলা) প্রশাসন বিভাগের স্টোর শাখা হতে সংগ্রহ করা যাবে।
- আগামী ০২-০৭-২০১৯ তারিখ বেলা ১৪০০ মিনিট পর্যন্ত নির্ধারিত সময়ের মধ্যে অফিস চলাকালীন সময়ে "সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭" এর বরাবরে দরপত্র প্রেরণ করা যাবে এবং ঐ দিনই বেলা ২৪০০ ঘটিকায় অত্র বোর্ডের নতুন ভবনের তৃতীয় তলায় সভাকক্ষে সংশ্লিষ্ট কমিটির উপস্থিতিতে দরপত্র খোলা হবে। দরদাতাগণ ইচ্ছা করলে (একজন করে) দরপত্র খোলার সময় উপস্থিত থাকতে পারবেন।
- কোন দরদাতা কর্তৃক বা দরদাতার সঙ্গে অন্য কোন দরদাতা অথবা অত্র বোর্ডের কোন কর্মকর্তা/কর্মচারিকে কোনরূপ ভয়-ভীতি প্রদর্শন বা অন্য কোন উপায়ে প্রভাবিত করণের মাধ্যমে দরপত্র দাখিলে বাধা প্রদানের অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট দরদাতার দরপত্রটি বাতিলপূর্বক অভিযুক্তকে রাষ্ট্রীয় আইন-শৃংখলারক্ষাকারী কর্তৃপক্ষের হাতে সোপর্দ করা হবে।
- দরদাতাগণ যে কোন একটি আইটেমের বা একাধিক আইটেমের অথবা সকল আইটেমের দর দাখিল করতে পারবে, তবে একই ব্যক্তি কর্তৃক বিভিন্ন প্রতিষ্ঠানের নামে একাধিক দরপত্র দাখিল করা যাবে না। প্রাপ্ত দরপত্র আইটেম ভিত্তিক মূল্যায়ন করা হবে। প্রত্যেক দরদাতাকে তার দরপত্রে উল্লিখিত মোট টাকার ১০% (ফেরতযোগ্য) জামানত হিসেবে পে-অর্ডার অত্র বোর্ডের সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর জমা দিতে হবে।
- কার্যাদেশ প্রাপ্তির পর কর্তৃপক্ষের নির্দেশনাক্রমে প্রতি ৩ মাস পর পর (জুলাই-২০১৯ হতে জুন-২০২০ এর মধ্যে) বাতিলকৃত পুরাতন কাগজপত্রাদি বোর্ডের কমিটির উপস্থিতিতে ওজন করে ডেলিভেরী প্রদান করা হবে।
- কোটেশনে উল্লেখিত দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(মোঃ মাহাবুবুর রহমান)

সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯১১৫৪২৮ (অফিস)